# আয়না

আমার ভালোর জন্যে
যত কথা খরচ করলেন
তার অনেক কম খরচে
পাহাড়ে সূর্যোদয় দেখা যেতো।

আমার পা রাখার জন্যে
যত কাগজ বানালেন
তা দিয়ে কাগজের মিনার
হয়ে যেতো, তাজমহলের মতো!

আকাশ প্রদীপের জন্যে
চৈত্র সন্ধ্যায় রং বেরঙের
ফানুস ওড়ালো মানুষ
আকাশ প্রদীপের আলো
ততক্ষণে মানুষের সংসার ছুঁয়ে

আপনি দেখতে পাননি!!

প্রণব চট্টোপাধ্যায়

সৃষ্টিসন্ধান